


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
মোহাম্মদপুর সরকারি কলেজ  
সাতমসজিদ রোড, মোহাম্মদপুর  
ঢাকা- ১২০৭

## “২০২৪ সালের এইচএসসি পরীক্ষার্থীদের জন্য সংশোধিত নোটিশ”

২০২৪ সালের এইচএসসি পরীক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, বোর্ডের সংশোধিত নির্দেশনা অনুযায়ী কলেজ থেকে ইতোপূর্বে প্রদত্ত নোটিশটি শুধুমাত্র যে সকল ছাত্র-ছাত্রী ইংলিশ মিডিয়াম এবং বিদেশে অধ্যয়ন করেছে তাদের ক্ষেত্রে প্রযোজ্য হবে। কাজেই বাংলা মিডিয়াম ও ইংলিশ ভাষনে অধ্যয়নকারীদের জন্য এটি প্রযোজ্য হবে না।

  
০৯.০৯.২০২৪  
প্রফেসর মোঃ হুমায়ূন কবির, ৯৯৭  
অধ্যক্ষ  
মোহাম্মদপুর সরকারি কলেজ  
সাতমসজিদ রোড, মোহাম্মদপুর,  
ঢাকা- ১২০৭



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকশিক্ষা বোর্ড, ঢাকা  
www.dhakaeducationboard.gov.bd

সংশোধিত

পত্র নং- ঢাবো/পনি/৪৪৭

তারিখ: ০৪/০৯/২০২৪খ্রি.

## এইচএসসি পরীক্ষা ২০২৪-এর জরুরী বিজ্ঞপ্তি

এইচএসসি পরীক্ষা ২০২৪-এ অংশগ্রহণকারী পরীক্ষার্থীর নিম্নবর্ণিত তথ্য প্রেরণের জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তা/অধ্যক্ষ মহোদয়গণকে অনুরোধ করা হলো।

### এইচএসসি পরীক্ষা ২০২৪ সালের নিয়মিত/অনিয়মিত/মানোন্নয়ন পরীক্ষার্থীদের ক্ষেত্রে

(পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা প্রেরণ করবেন। কোন অবস্থাতেই ব্যবহারিক পরীক্ষার অজুহাতে পরীক্ষার্থীদের কলেজে আনা যাবে না)

- সকল পরীক্ষার্থীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT, বিষয় কোড-২৭৫) বিষয়ের ব্যবহারিক পরীক্ষার প্রাপ্ত নম্বর (শ্রেণি কার্যক্রম চলাকালে প্রাপ্ত) অনলাইনে প্রেরণ করে এর প্রিন্টকপি কেন্দ্রে সংরক্ষণ করতে হবে এবং মূলকপি (Final List) মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা-এর উচ্চমাধ্যমিক পরীক্ষা শাখায় হাতে হাতে জমা দিতে হবে।
- অনুষ্ঠিত পরীক্ষাগুলোতে অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের বিষয়ভিত্তিক অনুপস্থিত ও বহিষ্কৃত পরীক্ষার্থীদের তালিকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা-এর উচ্চমাধ্যমিক পরীক্ষা শাখায় হাতে হাতে জমা দিতে হবে।
- অনুষ্ঠিত পরীক্ষাগুলোতে অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের বিষয়ভিত্তিক স্বাক্ষরলিপি এককপি কেন্দ্রে সংরক্ষণ করে মূলকপি মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা-এর উচ্চমাধ্যমিক পরীক্ষা শাখায় হাতে হাতে জমা দিতে হবে।

### এইচএসসি পরীক্ষা ২০২৪ সালের প্রাইভেট পরীক্ষার্থীদের ক্ষেত্রে

(সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ প্রেরণ করবেন)

- ১৯৯৬ সালের পূর্বে এসএসসি পাস করা প্রাইভেট পরীক্ষার্থীদের এসএসসি পাসের নম্বরপত্রের ফটোকপি (সংশ্লিষ্ট বোর্ড কর্তৃক যাচাইকৃত) এবং এইচএসসি পরীক্ষা ২০২৪-এর প্রবেশপত্রের ফটোকপি অধ্যক্ষ কর্তৃক সত্যায়ন করে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা-এর উচ্চমাধ্যমিক পরীক্ষা শাখায় হাতে হাতে জমা দিতে হবে। (সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে পরীক্ষার্থীদের তালিকা উচ্চমাধ্যমিক পরীক্ষা শাখা হতে সংগ্রহ করতে হবে)


### এইচএসসি পরীক্ষা ২০২৪ সালের সমতুল্য সনদধারী পরীক্ষার্থীদের ক্ষেত্রে

(সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ প্রেরণ করবেন)

- সমতুল্য সনদধারী পরীক্ষার্থীদের জেএসসি/সমমান (প্রযোজ্য ক্ষেত্রে) ও এসএসসি/সমমান পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র (নম্বর/গ্রেড প্রদান পদ্ধতির প্রমাণক কাগজ পত্রসহ), ঢাকা শিক্ষা বোর্ডের সমতুল্য সনদ এবং এইচএসসি পরীক্ষা ২০২৪-এর প্রবেশ পত্রের ফটোকপি অধ্যক্ষ কর্তৃক সত্যায়ন করে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা-এর উচ্চমাধ্যমিক পরীক্ষা শাখায় হাতে হাতে জমা দিতে হবে।

উল্লিখিত তথ্য আগামী ১২-০৯-২০২৪ খ্রি. তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

 ০৪.০৯.২৪

প্রফেসর মোঃ আবুল বাশার  
পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন-০২-২২৩৩৬৯৮১৫

ভারপ্রাপ্ত কর্মকর্তা/অধ্যক্ষ

ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন এইচএসসি পরীক্ষা ২০২৪-এর সকল কেন্দ্র/প্রতিষ্ঠান।